

স্নাতকোত্তর ডিগ্রি প্রোগ্রাম (**Post-Graduate Degree Programme**)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা (**Term End Examination**) : ডিসেম্বর, ২০২৪

বাংলা (**Bengali**)

চতুর্থ পত্র (**4th Paper**)

UPANYAS O CHHOTO GALPO

সময় : চার ঘণ্টা

Time : 4 hours

পূর্ণমান : ১০০

Full Marks : 100

(মানের গুরুত্ব : ৮০%)

(Weightage of Marks : 80%)

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।

Special credit will be given for precise and correct answer. Marks will be deducted for spelling mistakes, untidiness and illegible handwriting. The figures in the margin indicate full marks.

- ১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) : ১৮ × ২ = ৩৬
- ক) 'তোমাদের জাতি নিলে, কুল নিলে চাঁদ, মা-বিষহরি তোমাদের দিলেন নতুন জাত, নতুন কুল' — এই মন্তব্যের আলোকে 'নাগিনীকন্যার কাহিনী' উপন্যাসে বিষবেদে সমাজের অতীতজীবনের যে পরিচয় উঠে এসেছে তা লিপিবদ্ধ করুন।
- খ) প্রচলিত প্রেমের গল্পরূপে 'অরুপের রাস' গল্পটিকে বিচার করা যায় কিনা, আলোচনা করুন।
- গ) বঙ্কিমচন্দ্রের 'রাজসিংহ' উপন্যাসটিকে ঐতিহাসিক উপন্যাসের মর্যাদা দেওয়া যায় কিনা আলোচনা করুন।
- ঘ) খিদে ও শোষণ কিভাবে 'জাতুধান' গল্পের প্রতিবেশকে নির্মাণ করে, তা আপনার নিজস্ব পাঠ-অভিজ্ঞতার নিরিখে বিশ্লেষণ করুন।
- ২। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) : ১২ × ৩ = ৩৬
- ক) 'এ রেকর্ডকে কেউ ভেঙে নিশ্চিহ্ন করতে পারে নি। কেউ পারবে না।' — করুণার এই উক্তির আলোকে নারায়ণ গঙ্গোপাধ্যায়ের অভিপ্রায় ব্যক্ত করুন।
- খ) 'মহাশ্বেতা দেবী তো নয় ? সে শুধু কুষ্ঠরোগীর বউ', — মহাশ্বেতার 'দেবী' থেকে 'কুষ্ঠরোগীর বউ'—এ উত্তরণের ইতিহাসটি সংক্ষেপে আলোচনা করুন।

- গ) শরদ্দিন্দুর ‘পথের কাঁটা’ একটি অসম্ভব অবাস্তব গল্প — মন্তব্যের পক্ষে বা বিপক্ষে আপনার যুক্তি দিন।
- ঘ) ‘বোধহয়, কোর্টশিপটা পাঠকের বড় ভালো লাগিল না।’ — কোন্ পরিপ্রেক্ষিতে লেখক এই মন্তব্য করেছেন তা নিজের ভাষায় ব্যক্ত করুন।
- ঙ) ‘চতুরঙ্গ উপন্যাসের দামিনী চরিত্রটির অসাধারণত্ব তার বিদ্রোহী মনোভাবে ও জীবনরস রসিকতায়।’ — মন্তব্যটির পরিপ্রেক্ষিতে দামিনী চরিত্রটি আলোচনা করুন।
- চ) ‘ইহা ভ্রমণবৃত্তান্ত বা ডায়েরী নহে – উপন্যাস’ — বিভূতিভূষণের এই মন্তব্য ‘আরণ্যক’ উপন্যাস সম্পর্কে কতখানি সত্য তা আলোচনা দ্বারা স্পষ্ট করুন।

৩। যে কোনো চারটি প্রশ্নের উত্তর দিন (অনধিক ১৫০ শব্দে) : ৭ × ৪ = ২৮

- ক) ‘রাজসিংহ’ মূলত যুদ্ধ কোলাহলে মুখরিত হলেও ক্ষেত্রবিশেষে বঙ্কিমচন্দ্র রঙ্গ-রসিকতার প্রলোভন ছাড়তে পারে নি। — উদাহরণসহ মন্তব্যটির যথার্থ্য বিচার করুন।
- খ) ‘না মেঞ্গবাই, নেবে নাই’ — কে কাকে কোন্ প্রসঙ্গে বলেছে ? একথাটির তাৎপর্য কী ? ৩ + ৪
- গ) ‘বৌকে ফেরানো নয়, বৃন্দাবনের দরকার ছিল ছেলেকে বড় করার জন্য পালক মাতা আর মায়ের শাসনবশ দাসী’ — উপন্যাসের শেষে এই সত্য কীভাবে প্রমাণিত হয়েছে তা সংক্ষেপে ব্যাখ্যা করুন।
- ঘ) ‘যেখানে পদ্মবন সেখানে মত্তহস্তী আসিয়া উপস্থিত’ — কোন্ গল্পের অংশ ? মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করুন। ১ + ৬
- ঙ) ‘নয়নটাদের ব্যবসা’ ত্রিমাত্রিক শৈলীতে নির্মিত। — সমালোচকের এই মন্তব্যের পরিপ্রেক্ষিতে জীবনরসিক ত্রৈলোক্যনাথের শিল্পকৌশল ও তার সাফল্য বিষয়ে সংক্ষেপে আলোচনা করুন। ৩ + ৪
- চ) “ ‘স্টেভ’ যেমন শশিভূষণের মানসিক টানাপোড়েনের প্রতীক, তেমনি মল্লিকা আর বাসন্তীরও। ” — মন্তব্যটির যথার্থ্য বিচার করুন।
- ছ) ‘আমাদের শ্যাম-দা আর গাণ্ডেরি-দা যেন মানিক জোড়’ — বক্তা কে ? উক্তিটির নিহিতার্থ ব্যাখ্যা করুন। ১ + ৬
- জ) ‘আজ জীবনের শেষ ঘণ্টাগুলি ঢং ঢং করিয়া বাজিতেছে’ — উক্তিটি কার ? কোন্ প্রসঙ্গে একথা বলা হয়েছে ? ১ + ৬